INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2025

# ‘চিত্রাঙ্কন প্রতিযোগিতা’ এর নির্দেশিকা

***পুষ্টি সংবেদনশীল এবং কিশোর-কিশোরী বান্ধব স্থানীয় খাদ্য ব্যবস্থা***

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) একটি বৈশ্বিক আয়োজন যেখানে কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ এবং তার কার্যকর সমাধান পাওয়ার সুযোগ পেয়ে থাকে। ২০১৭ সাল থেকে বিড ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২৪-২৫ এপ্রিল, ২০২৫ তারিখে ঢাকা, বাংলাদেশে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৫ অনুষ্ঠিত হবে। কিশোর-কিশোরী এবং তরুণদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডের অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫-এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা এবং প্রদর্শনী আয়োজন করা হবে। এখানে মোট ১৫ টি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, তার মধ্যে একটি  করতে পারবেন। 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা'-এর নির্দেশিকা নিচে দেওয়া হলো:

**চিত্রাঙ্কন প্রতিযোগিতা**

চিত্রাঙ্কন হলো কাগজে রং, পেন্সিল বা কলম ব্যবহার করে ছবি আঁকা। চিত্রাঙ্কন প্রতিযোগিতা এমন একটি প্রতিযোগিতা যেখানে অংশগ্রহণকারীরা নির্দিষ্ট প্রতিপাদ্য বিষয় অনুযায়ী চিত্র আঁকেন।

**বয়স গ্রুপ:**

| গ্রুপ এ | গ্রুপ বি | গ্রুপ সি |
|---|---|---|
| ০৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়:**

**গ্রুপ এ:** আমার আশেপাশের স্বাস্থ্যকর খাদ্য।

**গ্রুপ বি:** পরিবেশবান্ধব খাদ্য বর্জ্য ব্যবস্থাপনা।

**গ্রুপ সি:** খামার থেকে প্লেট পর্যন্ত খাদ্য উৎপাদনের কার্যকর যাত্রা।

**যোগ্যতা:**

১. প্রতিযোগীদের INO ২০২৫ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।

২. নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকা যে কোনো প্রতিযোগী এতে অংশগ্রহণ করতে পারবে।

৩. এই প্রতিযোগিতায় শুধুমাত্র এককভাবে অংশগ্রহণ করা যাবে।

৪. প্রতিযোগী বা অভিভাবক বা প্রতিষ্ঠান ন্যূনতম আইটি সুবিধা [( ফোন, ইমেইল, হোয়াটসঅ্যাপ, জুম অ্যাকাউন্ট (বাধ্যতামূলক নয়)] থাকতে হবে।

**রেজিস্ট্রেশন:**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৫-এর নির্দিষ্ট ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন করতে হবে। INO ২০২৫ ওয়েবসাইটে  রেজিস্ট্রেশন লিংক ক্লিক করে 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।

**রেজিস্ট্রেশনের সময়সীমা:** মার্চ ৩১, ২০২৫ (রাত ১১টা ঢাকা সময়)

**জমা দেয়ার সময়সীমা:** এপ্রিল ০৬, ২০২৫ (রাত ১১টা, ঢাকা সময়)

**চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনা:**

**১. প্রতিযোগীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং ইমেইল।

**২. চিত্রাঙ্কনের নিয়ম ও নির্দেশনা:**

- অংশগ্রহণকারীদের নির্দিষ্ট প্রতিপাদ্য বিষয় অনুযায়ী একটি চিত্র আঁকতে হবে।
- রঙ ব্যবহার করতে হবে এবং পেন্সিল স্কেচ গ্রহণযোগ্য নয়।
- চিত্রের বর্ণনা সর্বাধিক ৫০ শব্দে লিখে ফর্ম পূরণ করে জমা দিতে হবে।

**৩. ফরম্যাটিং:**

ফন্ট: ইংরেজির জন্য Gill Sans MT এবং বাংলার জন্য কালপুরুষ। ফন্ট সাইজ: ১২। কোন বিশেষ ফরম্যাটিং ছাড়া সাধারণ লেখা। কাগজের মাপ: A4। কাগজের ধরন: যেকোনো ধরনের কাগজ।

**৪. ভাষা:** বাংলা অথবা ইংরেজি।

**৫. জমা ও নির্বাচন প্রক্রিয়া:**

**প্রাথমিক নির্বাচন:**

- অংশগ্রহণকারীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য চিত্রাঙ্কনটি বর্ণনা সহ জমা দানের মাধ্যমে অথবা তাদের নিজ নিজ স্কুলে গিয়ে অংশগ্রহণ করতে পারেন। স্কুলে গিয়ে অংশগ্রহণ করলে, স্কুলগুলো শীর্ষ ৫টি চিত্রকর্ম নির্বাচন করবে।
- নির্বাচিত চিত্রকর্মগুলি ইমেইল বা গুগল ড্রাইভে আপলোড করে বা কুরিয়ারের মাধ্যমে হার্ড কপি জমা দেওয়া যেতে পারে।
- ১৮ বছরের নিচে অংশগ্রহণকারীদের পিতামাতা/ অভিভাবকদের স্বাক্ষরিত সম্মতি ফরম এবং চিত্রকর্মের সংক্ষিপ্ত বর্ণনা (৫০ শব্দের মধ্যে), যার মধ্যে অংশগ্রহণকারীর নাম, বয়স, গ্রুপ, প্রতিষ্ঠানের নাম, স্বাক্ষরসহ চিত্রকর্মের সঙ্গে জমা দিতে হবে।
- প্রাথমিকভাবে প্রতিটি বয়স গ্রুপ থেকে ১০টি চিত্রকর্ম নির্বাচিত হবে।

**চূড়ান্ত নির্বাচন:**

- প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিটি বয়স গ্রুপ থেকে ১০টি চিত্রকর্ম INO 2025 এ প্রদর্শিত হবে।
- নির্বাচিত অংশগ্রহণকারীদের তাদের আসল চিত্রকর্মের কপি (হার্ড কপি) প্রদর্শনের জন্য পাঠাতে হবে, এবং যদি কেউ নির্ধারিত সময়সীমার মধ্যে এটি শেয়ার করতে ব্যর্থ হন, তবে তাকে প্রতিস্থাপন করা হবে অপেক্ষমান তালিকা থেকে পরবর্তী অংশগ্রহণকারীদের দ্বারা।
- বিচারকরা প্রতিটি বয়স গ্রুপ থেকে শীর্ষ ৩টি চিত্রকর্ম বিজয়ী হিসেবে নির্বাচন করবেন।

**স্কোর ক্রাইটেরিয়াঃ**

| ক্রম | বিষয় | নাম্বার |
|---|---|---|
| ০১ | প্রধান বিষয় উপস্থাপন | ৪০ |
| ০২ | রঙের সামঞ্জস্য | ৩০ |
| ০৩ | সৃজনশীলতা | ২০ |
| ০৪ | নিয়ম অনুসরণ | ১০ |
| **মোট** | | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্য:**

- কার্যক্রম অবশ্যই প্রতিযোগীদের নিজস্ব এবং মৌলিক হতে হবে, তবে পরামর্শকদের সহায়তা গ্রহণ করা যেতে পারে। AI বা অন্য কোনো অনলাইন টুল ব্যবহার করে তৈরি কার্যক্রম বাতিল করা হবে।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।যেকোনো ধরনের অনৈতিক আচরণ করলে তাৎক্ষণিকভাবে অযোগ্য ঘোষণা করা হবে।
- চূড়ান্ত পর্বে প্রতিটি গ্রুপ থেকে শীর্ষ ৩ (তিন) প্রতিযোগীকে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।
- নির্বাচিত চিত্রকর্ম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড এবং BIID ফাউন্ডেশনের ওয়েবসাইটে আপলোড করা হবে।

**যোগাযোগ:**

চিত্রাঙ্কন প্রতিযোগিতা সংক্রান্ত যেকোনো তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুন:

ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ইমেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।**

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2025

**প্রতিযোগিতার নামঃ চিত্রাঙ্কন প্রতিযোগিতা**

**নামঃ**

**বয়স গ্রুপঃ**

**যোগাযোগ নম্বরঃ**

**প্রতিষ্ঠানঃ**

**জেলাঃ**

**চিত্রকর্মের বর্ণনাঃ (সর্বাধিক ৫০ শব্দ)**

| |
|---|
| |

**বিজ্ঞপ্তিঃ** এই চিত্রকর্মটি আঁকা হয়েছে ________________________________________(বংশ পরিচয়) কন্যা/পুত্র ______________________________________________ এর দ্বারা এবং কোনো বাণিজ্যিক নয় এমন ব্যবহারের চিত্রকর্মটি ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে।